কোয়ার্টার ফাইনালে বাংলা

অনূর্ধ্ব ১৬ বিজয় মার্চেন্ট ট্রফির শেষ আটে বাংলা। রাজস্থানের বিরুদ্ধে প্রি-কোয়ার্টারের ম্যাচ ড্র হলেও প্রথম ইনিংসের লিডের ভিত্তিতে পরের পর্বে গেল বাংলা। রাজস্থানের ২৯১ রানের জবাবে বাংলা ৫৫৩। দ্বিতীয় ইনিংসে রাজস্থান ১২০/৭। বাংলার সামনে এবার মুম্বই।

ফিরতি ডার্বি কি গুয়াহাটিতে

আজকালের প্রতিবেদন

জামশেদপুর নয়, ভুবনেশ্বর নয়, সব ঠিক থাকলে ১১ জানুয়ারি আইএসএলের ফিরতি ডার্বির আসর বসতে চলেছে গুয়াহাটির ইন্দিরা গান্ধী অ্যাথলেটিক স্টেডিয়ামে। তবে সরকারিভাবে এখনও ঘোষণা হয়নি। রাজ্য প্রশাসনের তরফে যুবভারতীতে ডার্বি আয়োজনের জন্য পুলিশ দেওয়া সম্ভব নয় জানানোর পরই ম্যাচ ঘিরে জটিলতার সৃষ্টি হয়েছিল। যেহেতু এটা মোহনবাগানের হোম ম্যাচ, তারা প্রথমে ম্যাচের দিন বদলের আর্জি জানায় এফএসডিএলের কাছে। কিন্তু মার্চ পর্যন্ত ঠাসা সূচি থাকায় ডার্বির দিন বদলের কোনও সম্ভাবনা নেই বলে জানায় এফএসডিএল। তারপর মোহনবাগান বেশ কয়েকবার রাজ্য পুলিশ প্রশাসন ও ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাসের সঙ্গে আলোচনায় বসে। কিন্তু জট খোলেনি। যুবভারতীতে ম্যাচ আয়োজনের অনুমতি মেলেনি। স্বাভাবিকভাবেই বিকল্প কেন্দ্রের কথা ভাবতে হয় মোহনবাগান সুপার জায়ান্ট টিম ম্যানেজমেন্টকে।

শুরুতে প্রতিবেশী রাজ্য জামশেদপুর ও ভুবনেশ্বরের কথা শোনা গেলেও, তা মোহনবাগানের পছন্দের তালিকায় ছিল না। অতীত অভিজ্ঞতা ভাল না থাকায় ভুবনেশ্বরে প্রথম থেকেই খেলতে চায়নি তারা। ওই দুই মাঠের কর্তৃপক্ষের তরফেও তেমন আগ্রহ দেখা যায়নি। এইসময় বাগানের পছন্দের তালিকায় উঠে আসে গুয়াহাটি ও দিল্লির নাম। গুয়াহাটিতে ম্যাচ আয়োজনের বিষয়টি জোরালোভাবেই ছিল দুটো কারণে। এক, গুয়াহাটিতে দর্শক ধরে অনেক বেশি। দুই, ওই মাঠে আগেরদিন নর্থইস্টের ম্যাচ থাকায় টিভি সম্প্রচার পরিকাঠামোয় সুবিধা হবে। এসব কথা মাথায় রেখেই গুয়াহাটিকে কেন্দ্র হিসেবে বেছে নিয়ে ফিরতি ডার্বি আয়োজনের জন্য প্রস্তাব রেখেছে এফএসডিএল। সূত্রের খবর, বাগান টিম ম্যানেজমেন্টও তাতে সায় দিয়েছে। এখন শুধু সরকারি ঘোষণাই বাকি।

তবে, ফিরতি ডার্বি কোথায় হবে, তাতে মাথা না ঘামিয়ে প্রস্তুতিতে ফোকাস করেছেন হোসে মোলিনা ও মোহনবাগান ফুটবলাররা। তাঁরা বারবারই বলছেন, ঘরের মাঠে ডার্বি খেলতে পারলে খুশি হতেন। কিন্তু যেটা তাঁদের হাতে নেই, সেই নিয়ে অনর্থক না ভেবে খেলার উন্নতিতে মন দেওয়াই শ্রেয়। ডার্বির আগে যেটুকু সময় পেয়েছেন মোলিনা, সেসময় ফুটবলারদের চোট সারানোয় নজর দিয়েছেন তিনি। ছুটির মাঝে নিজেদের ফিট করতে আলাদা করে অনুশীলন করেছেন গ্রেগ স্টুয়ার্ট ও দিমিত্রি পেত্রাতোসরা। সোমবার থেকে ডার্বির প্রস্তুতিতে দলের সঙ্গে যোগ দিয়েছেন তাঁরা। এতে আক্রমণভাগে মোলিনার হাতে বিকল্প আরও বাড়ছে।

জাঁকজমক মিডিয়া ফুটবল

অনুষ্ঠিত হল কলকাতা ক্রীড়া সাংবাদিক ক্লাব আয়োজিত মিডিয়া ফুটবল। প্রিন্ট মিডিয়া বিভাগে চ্যাম্পিয়ন 'জাগো বাংলা'। ফাইনালে টাইব্রেকারে হারায় দিন দর্পণ-কে। ইলেকট্রনিক ও ওয়েব মিডিয়া বিভাগে চ্যাম্পিয়ন স্পোর্টস লাইট মিডিয়া। হারাল বিশ্ব বাংলা সংবাদকে। সোমবার ফাইনালে হাজির ছিলেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস ও আইএফএ সচিব অনির্বাণ দত্ত। পুরস্কার তুলে দেন বাংলা দলের কোচ সঞ্জয় সেন, প্রাক্তন ফুটবলার দীপেন্দু বিশ্বাস।

হরিয়ানা ম্যাচে খেলবেন অভিমন্যু

আজকালের প্রতিবেদন

অস্ট্রেলিয়া থেকে দেশে ফিরেই বাংলা দলের সঙ্গে যোগ দেবেন অভিমন্যু ঈশ্বরণ। বিজয় হাজারে ট্রফির প্রি-কোয়ার্টার ফাইনালে বৃহস্পতিবার হরিয়ানা বিরুদ্ধে খেলতে নামবে বাংলা। জানা গিয়েছে, সেই ম্যাচেই বাংলার জার্সিতে দেখা যাবে অভিমন্যুকে। সম্ভবত ম্যাচের আগের দিন বাংলার সতীর্থদের সঙ্গে যোগ দেবেন এই ওপেনার।

এদিকে, সোমবারই হায়দরাবাদ থেকে বিমানে আমেদাবাদ। সেখান থেকে সড়কপথে বরোদা পাড়ি দেয় বাংলা দল। পুরো দল একসঙ্গে গেলেও ব্যক্তিগত কাজে মহম্মদ সামি যাননি। তিনি মুম্বই হয়ে বরোদা যাবেন। সূত্রের খবর, বিজ্ঞাপনের শুটিংয়ের কাজে মুম্বই গিয়েছেন সামি। কাজ মিটিয়ে সরাসরি দলের সঙ্গে যোগ দেবেন। শুক্রবার দুপুরে ঐচ্ছিক অনুশীলনের ভাবনা রয়েছে বঙ্গ শিবিরের। কোচ লক্ষ্মীরতন শুক্লা বলছেন, 'অতীতের ভুল শুধরে আমাদের সামনে তাকাতে হবে। নকআউট সবসময় কঠিন।'

সই করার পর শ্রাচী কর্ণধার রাহুল টোডির পাশে রবি হাঁসদা।

আইএসএলের স্বপ্নপূরণ, মহমেডানে সই রবির

আজকালের প্রতিবেদন

অবশেষে মহমেডান কর্তাদের লক্ষ্য সফল। বাকি মরশুমের জন্য মহমেডানে সই করলেন সন্তোষ ট্রফির সর্বোচ্চ গোলদাতা রবি হাঁসদা। সন্তোষ ট্রফিতে প্রথম থেকেই গোলের মধ্যে ছিলেন বাংলা দলের স্ট্রাইকার রবি। প্রতিযোগিতার মূলপর্ব চলাকালীন তাঁর সঙ্গে প্রথম যোগাযোগ করেন মহমেডান কর্তারা। ফাইনালে বাংলার জয়ের নায়ক রবি। কাস্টমসের এই ফুটবলারকে দলে পেতে ফাইনালের পর অলআউট ঝাঁপায় মহমেডান। কাস্টমসের কাছে প্রস্তাব দেয় তাঁরা। রবির কাছে বেশ কিছু আই লিগ ক্লাবের প্রস্তাবও ছিল। তবে আইএসএলে খেলার সুযোগ পাওয়ার জন্যই প্রথম থেকেই মহমেডানকে এগিয়ে রেখেছিলেন তিনি। সোমবার মহমেডান ইনভেস্টার শ্রাচী কর্তাদের সঙ্গে দীর্ঘ আলোচনায় বসেন রবি। ছিলেন কাস্টমস কর্তা রাজীব বাগও। শেষ পর্যন্ত সন্ধেয় শ্রাচী অফিসে চুক্তিতে সই করেন তিনি। ক্লাবকর্তাদের সঙ্গে দেখা করতে মহমেডান ক্লাবেও যান রবি। এখন দেখার, রবি আসায় মহমেডানের গোল করার সমস্যা কতটা মেটে।

গ্রামে অ্যাকাডেমি গড়ার ইচ্ছে রবির

চন্দ্রনাথ মুখোপাধ্যায়

কাটোয়া, ৬ জানুয়ারি

নিজের জন্মভিটে মঙ্গলকোটে একটা ফুটবল অ্যাকাডেমি গড়তে চান সন্তোষ ট্রফিতে বাংলাকে চ্যাম্পিয়ন করার নায়ক রবি হাঁসদা। কাটোয়ায় আয়োজিত জেলা সবলা মেলা কর্তৃপক্ষ ও মহকুমা প্রেস ক্লাবের সংবর্ধনার জবাবে এই ইচ্ছে প্রকাশ করলেন মঙ্গলকোটের মুশারু গ্রামের ছেলে রবি। তাঁর ইচ্ছেকে মর্যাদা দিতে সাহায্য করার প্রতিশ্রুতি দিলেন কাটোয়ার বিধায়ক রবীন্দ্রনাথ চ্যাটার্জি। ফুটবল অ্যাকাডেমি গড়তে রবিকে সাহায্য করার আশ্বাস দিয়েছেন মঙ্গলকোটের বিধায়ক অপূর্ব চৌধুরিও। কাটোয়া শহরের কাশীরাম দাস বিদ্যায়তনের মাঠে আয়োজিত সবলা মেলার মঞ্চে মেলা কর্তৃপক্ষের তরফে জামালপুরের বিধায়ক অলোক মাঝি ও মহকুমা প্রেস ক্লাবের তরফে সভাপতি রণদেব মুখার্জি ও সম্পাদক রানা দাস রবিকে সংবর্ধিত করলেন। ছিলেন রবির মা তুলসী হাঁসদা ও রবির কোচ মুদারাজ সেডান।

মুদারাজের হাতে পড়েই উত্থান রবির। সন্তোষ ট্রফিতে বাংলাকে জেতানোর কারিগর রবি সম্পর্কে মুদারাজের মূল্যায়ন, 'হাল না ছাড়া মনোভাব, জেদ আর নিষ্ঠাই রবিকে প্রতিষ্ঠা দিল। রবিকে সামনে রেখে প্রত্যন্ত এলাকার প্রতিভাবান ফুটবলাররা অনুপ্রাণিত হোক।' তবে সন্তোষ ট্রফিতে বাংলার প্রতিনিধিত্ব করেই রবি থামতে চান না। রবির 'পাখির চোখ' জাতীয় দলের নীল জার্সি গায়ে চড়ানো। রবির সংযোজন, 'মুখ্যমন্ত্রী চাকরির প্রতিশ্রুতি দিয়েছেন। ওঁর প্রতি কৃতজ্ঞতার শেষ নেই। চাকরি পেয়ে গেলে আর সংসারের চিন্তা করতে হবে না। মন দিয়ে ফুটবলটা খেলতে পারব। নিজেকে জাতীয় দলে দেখতে চাই। সেই লক্ষ্যেই এগোচ্ছি।'

রবির পড়শি সুকল হেমব্রম, গণেশ মাড্ডিরা বলছিলেন, 'ছেলেটা অভাবের মধ্যেও যেভাবে ফুটবলটাকে আঁকড়ে ছিল, তা শিক্ষণীয়।' আর রবি যে এলাকায় ফুটবল শেখানোর কথা ভাবছে, তাতে খুশি এলাকাবাসীদের মতে, 'রবির মতো অনেকেই আছে, যারা ফুটবলটা দারুণ খেলে। ঠিকঠাক কোচিং পেলে মঙ্গলকোট এমন অনেক রবি উপহার দিতে পারবে।'

ড্রয়ে হতাশ ম্যাক অ্যালিস্টার

আজকালের প্রতিবেদন

ইংলিশ প্রিমিয়ার লিগে অপ্রতিরোধ্য ছন্দে ছুটতে থাকা লিভারপুলের জয়রথ রবিবার রাতে থামিয়ে দিয়েছে ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। ম্যাচের ফল ২-২। শেষ মুহূর্তে হ্যারি ম্যাগুয়ের সহজ সুযোগ হাতছাড়া না করলে লিগের 'ফার্স্ট বয়'-কে হারিয়েও দিতে পারত ১৩ নম্বরে থাকা লাল ম্যাঞ্চেস্টার। তা না হওয়ায় মান বেঁচেছে লিভারপুলের। তবে মান বাঁচলেও অখুশি লিভারপুলের অ্যালেক্সিস ম্যাক অ্যালিস্টার। ঘরের মাঠে ম্যাচ ড্র হওয়ায় হতাশা প্রকাশ করেছেন তিনি।

চলতি মরশুমে এই নিয়ে তৃতীয়বার ঘরের মাঠে পয়েন্ট নষ্ট করেছে লিভারপুল। ম্যাক অ্যালিস্টার এদিন সে কথা উল্লেখ করে বলেছেন, 'গোটা দলই এই ড্রয়ে খুব হতাশ। এই ফলাফল কেউই আশা করিনি। তবে আমরা খেলাটা নিজেদের নিয়ন্ত্রণে রাখতে পারিনি। তাই এই ফল মেনে নিয়েই এগিয়ে যেতে হবে।'

এরপর ম্যাক অ্যালিস্টার আরও বলেন, 'আজকের দিনটা আমাদের পক্ষে ছিল না। তবে এই ম্যাচ আমাদের অনেক ভুলভ্রান্তি দেখিয়ে দিয়ে গেল। এবার ইতিবাচক ভাবনা নিয়ে পরবর্তী ম্যাচের প্রস্তুতি শুরু করতে হবে।'

চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড

Chola — Enter a better life

কর্পোরেট অফিস:
'চোলা ক্রেস্ট', সি৫৪ এবং ৫৫, সুপার বি-৪, থিরু ভি ক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গিণ্ডি, চেন্নাই-৬০০০৩২, ভারত
রিজিওনাল অফিস: ৫৫ এবং ৫৫/১, চৌরঙ্গি রোড, ৪ নং ফ্লোর, চৌরঙ্গি কোর্ট,
রবীন্দ্র সদনে নেহরু চিলড্রেন'স মিউজিয়ামের বিপরীতে, কলকাতা-৭০০০৭১, পশ্চিমবঙ্গ

রুল ৮(১)-এর অধীনে বাস্তবিক দখল বিজ্ঞপ্তি

যেহেতু:
মেসার্স চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ [এখানে এর পরে 'অ্যাক্ট' হিসেবে উল্লিখিত]-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে উল্লিখিত ঋণগ্রহীতাগণ-এর প্রতি নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে তাঁদের থেকে পাওনা অর্থাঙ্ক ও এর ওপর সুদ আদায় দেওয়ার জন্য আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতাগণ দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নিম্নোক্ত অ্যাকাউন্টের পাশে লেখা তারিখে কোম্পানির কাছে বন্ধক প্রদত্ত নিম্নবর্ণিত সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন।
বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন নিম্নোক্ত অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক, তদুপরি সুদ ও অন্যান্য চার্জ সমেত **মেসার্স চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**-এর প্রতি দায় সাপেক্ষ হবে।
উক্ত সিকিউরিটাইজেশন অ্যাক্টের ১৩(৮) ধারাধীনে বিক্রির প্রজ্ঞাপন জারির আগে যাবতীয় মাশুল, চার্জ ও খরচ সমেত বকেয়া অর্থাঙ্ক পুরোপুরি প্রদান করে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে পারবেন।

ক্রম নং	ক) লোন অ্যাকাউন্ট নম্বর খ) ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতার নাম ও ঠিকানা	স্থাবর সম্পত্তির বিবরণ	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) বকেয়া অর্থাঙ্ক গ) বাস্তবিক দখলের তারিখ
১	ক) লোন অ্যাকাউন্ট নম্বর: **HE02GKL00000000563** এবং **X0HEGKL00003123404** খ) **১. জেএসভিএম প্লাইউড ইন্ডাস্ট্রিজ লিমিটেড (আবেদনকারী)** ৫, পান্নালাল ব্যানার্জি লেন, ফ্লোর ৭, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০০০১ **চন্দ্রকান্ত পেরিওয়াল (সহ-আবেদনকারী),** ১২ই, জাজেস কোর্ট রোড, লক্ষ্মীপথ জিজ্ঞানিয়া স্কুল, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০০২৭ **পীযূষ পেরিওয়াল (সহ-আবেদনকারী),** ১২ই, জাজেস কোর্ট রোড, লক্ষ্মীপথ জিজ্ঞানিয়া স্কুল, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০০২৭ **মালবিকা পেরিওয়াল (সহ-আবেদনকারী),** ১২ই, জাজেস কোর্ট রোড, লক্ষ্মীপথ জিজ্ঞানিয়া স্কুল, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০০২৭ **মণিরাম শর্মা (সহ-আবেদনকারী),** জেএসভিএম জয়রামপুর, জয়রামপুর, জয়রামপুর সার্কল, চাঙ্গলাং, অরুণাচল প্রদেশ, পিন-৭৯২১২১ **নন্দন কিশোর জেনা (সহ-আবেদনকারী),** ৫৪, অনিমা নিবাস এইচআইজি ৩, মিমবিনি বিহার চন্দ্রশেখরপুর, ভুবনেশ্বর, ওড়িশা, পিন-৭৫১০২১ **মধুলিকা পেরিওয়াল (সহ-আবেদনকারী),** ১২ই, জাজেস কোর্ট রোড, লক্ষ্মীপথ জিজ্ঞানিয়া স্কুল, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০০২৭	বিল্ডিংয়ের চতুর্থ তলে ৪০ বছরের পুরাতন পারস্পরিক সম্মতিতে বিভক্ত এবং চিহ্নিত আবাসিক অ্যাপার্টমেন্ট, সুপার বিল্ট আপ এরিয়া প্রায় ৩৯০০ বর্গফুট, প্রেমিসেস নং ১২ই, জাজেস কোর্ট রোড (পূর্বের ১২বি, জাজ কোর্ট রোড), কলকাতা পুরনিগমের ওয়ার্ড নং ৭৪, অ্যাসেসি নং ১১-০৭৪-১৬-০০৮৬-৯, জেলা দক্ষিণ ২৪ পরগনা, থানা আলিপুর। চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর- প্রেমসেস নং ১২ডি, জাজ কোর্ট রোড; পূর্ব- প্রেমিসেস নং ১৪/২, জাজ কোর্ট রোড; পশ্চিম- ৭ কমন প্যাসেজ; দক্ষিণ- ১২/১, জাজ কোর্ট রোড।	ক) **১০.০২.২০২৩** খ) **₹৬,৬২,৫২,৬৬৫.০০** (ছয় কোটি বাষট্টি লক্ষ বাহান্ন হাজার ছশো পঁয়ষট্টি টাকা মাত্র), ০৭.০২.২০২৩ অনুযায়ী এবং এর ওপর সুদ গ) **০৩.০১.২০২৫** **(বাস্তবিক দখল)**

তারিখ: ০৭.০১.২০২৫
স্থান: কলকাতা (পশ্চিমবঙ্গ)

অনুমোদিত আধিকারিক
চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড

TATA

টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড ঠিকানা: ফ্লোর নং ১১, টাওয়ার 'এ', পেনিনসুলা বিজনেস পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই-৪০০০১৩
ব্রাঞ্চের ঠিকানা: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা-৭০০০১৬

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-সহ পঠনীয় রুল ৮(৬) অধীনে]
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল রুল ৮(৬) ও রুল ৯(১)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ৩০ দিনের ই-নিলাম বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং/সহ-ঋণগ্রহীতা বা তাঁদের আইনি উত্তরাধিকারীগণ/ প্রতিনিধিগণ ('ঋণগ্রহীতাগণ')-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড (টিসিএইচএফএল)**-এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, যা **টিসিএইচএফএল**-এর অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন, তা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ-ঋণগ্রহীতাগণের থেকে নীচে লেখা অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য **'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে' ভিত্তিতে ১০.০২.২০২৫** তারিখে বিক্রি করা হবে। সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) এখানে নীচে উল্লেখ করা হয়েছে। এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই বিক্রি স্থগিত রাখা/ বন্ধ করা না-হলে নিম্নবর্ণিত সম্পত্তি **১০.০২.২০২৫ তারিখে দুপুর ২টোয়** ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। ই-নিলামে অংশগ্রহণের জন্য নির্ধারিত ইএমডি অর্থাঙ্ক বাবদ ডিমান্ড ড্রাফ্‌ট সমেত দরপ্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ **০৮.০২.২০২৫ বিকেল ৫টোর** মধ্যে টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিকের কাছে ব্রাঞ্চের এই ঠিকানায় জমা দিতে হবে: **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬।**
সুরক্ষিত পরিসম্পদ/স্থাবর সম্পত্তির বিক্রি **'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে'** ভিত্তিতে আয়োজিত হবে যেগুলির তথ্য এখানে নীচে সংক্ষেপে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)-এর নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	বায়না জমা	দখলের প্রকৃতি	২৮.১২.২০২৪ অনুসারে বকেয়া
১	9507817	মিঃ অচিন্ত্য চ্যাটার্জি মিসেস বৈশাখী চ্যাটার্জি	₹১৮,৫৬,১৫২.০০ (আঠারো লক্ষ ছাপান্ন হাজার একশো বাহান্ন টাকা মাত্র) এবং ৩১.০৭.২০১৭	₹১৫,০০,০০০.০০ (পনেরো লক্ষ টাকা মাত্র)	₹১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র)	বাস্তবিক	₹৫৯,০৯,৮৫১/- (উনষাট লক্ষ নয় হাজার আটশো একান্ন টাকা মাত্র)
স্থাবর সম্পত্তির বিবরণ: স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট নং ২সি-এর অপরিহার্য সমগ্র পরিমাণ, এতে অন্তর্ভুক্ত ২টি বেডরুম, ১টি ডাইনিং রুম, ১টি কিচেন, ১টি বারান্দা, ১টি বাথরুম, ১টি প্রিভি, ছাদের অধিকার বাদে, ২ নং ফ্লোর, বিল্ডিংয়ের নাম 'শুক্লা সদন', সুপার বিল্ট আপ এরিয়া ৭১৮ বর্গফুট, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত সামান্য কমবেশি ৪ কাঠা ৪ ছটাক ১০ বর্গফুট জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার, মৌজা- মালিপাঁচঘড়া, জে এল নং ১, দাগ নং ১৪৮ ও ১৪৯, খতিয়ান নং ৬৬, হোল্ডিং নং ১৫৬, নস্করপাড়া রোড, থানা- মালিপাঁচঘড়া, জেলা- হাওড়া, ওয়ার্ড নং ৩, হাওড়া পুরনিগমের এলাকাধীন, পশ্চিমবঙ্গ। চৌহদ্দি: উত্তর- ফ্ল্যাট নং ২ডি; দক্ষিণ- ফাঁকা জায়গা; পূর্ব- ফ্ল্যাট নং ২বি; পশ্চিম- ফাঁকা জায়গা।						
২	10120893	মিঃ চন্দন মল্লিক মিসেস কাজল মল্লিক	₹১৩,৫৯,৬৭৭/- (তেরো লক্ষ উনষাট হাজার ছশো সাতাত্তর টাকা মাত্র) এবং ২৮.০৩.২০২৪	₹৯,৯০,০০০/- (নয় লক্ষ নব্বই হাজার টাকা মাত্র)	₹৯৯,০০০/- (নিরানব্বই হাজার টাকা মাত্র)	বাস্তবিক	₹১৫,৫২,২৪২/- (পনেরো লক্ষ বাহান্ন হাজার দুশো বিয়াল্লিশ টাকা মাত্র)
স্থাবর সম্পত্তির বিবরণ: আবাসিক ফ্ল্যাট নং 'ডি-১' বিশিষ্ট স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ, ৩ নং ফ্লোর, বিল্ডিংয়ের উত্তর-পশ্চিম পার্শ্বে, সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৫০০ বর্গফুট, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত ৪ কাঠা ৫ ছটাক জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার, মৌজা- বেহালা, জে এল নং ২, ই পি নং ৫৭, এস পি নং ৬১, সি এস প্লট নং ৬৭২৬ (অংশ), প্রেমিসেস নং ৩৯, বেচারাম চ্যাটার্জি রোড, কলকাতা-৭০০০৩৪, থানা- পূর্বতন বেহালা, বর্তমানে পর্ণশ্রী, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, ওয়ার্ড নং ১২৯, কলকাতা পুরনিগমের এলাকাধীন। চৌহদ্দি: পূর্ব- মাখন দে'র জমি; পশ্চিম- মাধব দাসের জমি; উত্তর- কলকাতা পুরনিগমের ১৫ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ- মধুসূদন চক্রবর্তীর জমি।						
৩	9543539	নিহার রঞ্জন দাস রূপদা দাস	₹৯,৯৮,৩৯৭/- ২৫.১২.২০২১	₹৮,০০,০০০/- (আট লক্ষ টাকা মাত্র)	₹৮০,০০০.০০ (আশি হাজার টাকা মাত্র)	বাস্তবিক	₹১৬,৮১,০৩২/- (ষোল লক্ষ একাশি হাজার বত্রিশ টাকা মাত্র)
স্থাবর সম্পত্তির বিবরণ: 'ত্রিনয়নী অ্যাপার্টমেন্ট' নামক বিল্ডিংয়ের তৃতীয় তলে (২ নং ফ্লোর) পূর্ব পার্শ্বে সামান্য কমবেশি ৪২৫ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং ১০৬ বিশিষ্ট স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ৬৮১, সোদপুর রোড, থানা- পূর্বতন ঠাকুরপুকুর, বর্তমানে হরিদেবপুর, কলকাতা পুরনিগমের ১২২ নং ওয়ার্ডের এলাকাধীন, কলকাতা-৭০০০৮২, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।						

দ্রষ্টব্য: ডিআরটি-III, কলকাতা সমীপে ঋণগ্রহীতা দ্বারা টিসিএইচএফএল-এর বিরুদ্ধে এসএ (এসএ নং ৩১২/২০২৩) ফাইল করা হয়েছে যা বর্তমানে মীমাংসাধীন রয়েছে। উক্ত মামলায় টিসিএইচএফএল-এর বিরুদ্ধে কোনও স্থগিতাদেশ জারি হয়নি। বিড জমা দেওয়ার আগে যথাযথ সতর্কতা অবলম্বনের জন্য বিডারদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে। বিক্রয় শংসাপত্র নিবন্ধনের দায় ও দায়িত্ব কেবলমাত্র বিডারের ওপরেই বর্তাবে।

এই নিলামে অংশ নিতে নিজ নিজ দরপত্র ব্যক্তিগতরূপে জমা দেওয়ার জন্য জনসাধারণের প্রতি আমন্ত্রণ জানানো হচ্ছে। এই বিক্রির সঙ্গে সম্পর্কযুক্ত বা এই বিক্রি সংক্রান্ত কাজের সঙ্গে জড়িত কোনও আধিকারিক বা অন্য কোনও ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রি হতে চলা এই স্থাবর সম্পত্তির কোনও স্বার্থ অধিগ্রহণ করতে পারবেন না।
এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্তাবলি সহ নিম্নলিখিত শর্তাবলি সাপেক্ষ হবে:
দ্রষ্টব্য: এই ই-নিলাম https://bankauctions.in পোর্টালের মাধ্যমে ১০.০২.২০২৫ তারিখে দুপুর ২টো থেকে দুপুর ৩টের মধ্যে প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের সীমাবদ্ধ সম্প্রসারণে আয়োজিত হবে।
শর্ত ও নিয়মাবলি:
১. এই তফসিলে উল্ল